

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৭০২

২৭/ শিষ্টাচার (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ২৭/১৫. মুসাফাহা (করমর্দন) করা

بَابِ الْمُصِافَحَةِ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ مُحَمَّدٍ حَدَّثَنَا وَكِيعٌ عَنْ جَرِيرِ بْنِ حَازِمٍ عَنْ حَنْظَلَةَ بْنِ عَبْدِ الرَّحْمٰنِ السَّدُوسِيِّ عَنْ أَنُسِ بْنِ مَالِكٍ قَالَ قُلْنَا يَا رَسُولَ اللهِ أَيَنْحَنِي بَعْضَنُنَا لِبَعْضٍ قَالَ لَا قُلْنَا أَيُعَانِقُ بَعْضَنُنَا بَعْضًا قَالَ لَا قُلْنَا أَيُعَانِقُ بَعْضُنُنَا بَعْضًا قَالَ لَا وَلَكِنْ تَصَافَحُوا

বাংলা

১/৩৭০২। আনাস ইবনে মালেক (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা জিজ্ঞাসা করলাম, হে আল্লাহর রাসূল! আমরা কি (পারস্পরিক সাক্ষাতে) একে অপরের সামনে মাথা ঝুঁকাবো? তিনি বলেনঃ না। আমরা জিজ্ঞেস করলাম, আমরা কি পরস্পর মু'আনাকা (আলিংগণ) করবো? তিনি বলেনঃ না, বরং তোমরা পরস্পর মুসাফাহা করো।

English

It was narrated that Anas bin Malik said:

"O Messenger of Allah! Should we bow to one another?" He said: "No." We said: "Should we embrace one another?" He said: "No, but shake hands with one another."

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। সহীহাহ ১৬০। তাহকীক আলবানীঃ হাসান। উক্ত হাদিসের রাবী হানযালাহ বিন আবদুর রহমান আস-সাদুসী সম্পর্কে আবু হাতিম আর-রাযী বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। আহমাদ বিন হাম্বল বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী ও ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি দুর্বল। যাকারিয়্যা বিন ইয়াহইয়া আস-সাজী বলেন, তিনি সত্যবাদী। (তাহযীবুল কামালঃ রাবী নং ১৫৬২, ৭/৪৪৭ নং পৃষ্ঠা)



হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন